**বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ**
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

এফই সার্কুলার নং ১৭

তারিখ : অক্টোবর ০১, ২০২৩ / আশ্বিন ১৬, ১৪৩০

বৈদেশিক মুদ্রায় লেনদেনের
সকল অনুমোদিত ডিলার।

প্রিয় মহোদয়গণ,

নতুন পণ্য/নতুন বাজার (বস্ত্রখাত) সম্প্রসারণ সহায়তা (New Market Exploration Assistance) প্রদান প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে এফই সার্কুলার নং ২১, তারিখঃ নভেম্বর ০৯, ২০১০-এর অনুচ্ছেদ ৪(ক) এবং এফই সার্কুলার নং ২২, তারিখঃ নভেম্বর ২০, ২০১১-এর প্রথম অনুচ্ছেদের (ক) ক্রমিকের প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। সরকারি সিদ্ধান্তক্রমে জানানো যাচ্ছে যে, বস্ত্রখাতে নতুন পণ্য/নতুন বাজার সম্প্রসারণ সহায়তার ক্ষেত্রে উপরোল্লিখিত সার্কুলারের সংশ্লিষ্ট অনুচ্ছেদের আওতায় স্বীয় সদস্য প্রতিষ্ঠানের প্রত্যয়ন সনদপত্র ইস্যুর ক্ষেত্রে বাংলাদেশ স্পেশালাইজড টেক্সটাইল মিলস এন্ড পাওয়ারলুম ইন্ডাস্ট্রিজ এসোসিয়েশন (বিএসটিএমপিআইএ)-এর নাম অন্তর্ভুক্ত হবে।

০৩। সার্কুলার জারির তারিখ থেকে দাখিলকৃত আবেদনপত্রের ক্ষেত্রে বর্ণিত নির্দেশনা কার্যকর হবে।

আলোচ্য খাতে নগদ সহায়তা প্রদান সংক্রান্ত সকল এফই সার্কুলার/সার্কুলার পত্রের অপরাপর নির্দেশনা যথারীতি অপরিবর্তিত থাকবে। বিষয়টি সংশ্লিষ্ট সকল পক্ষকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ সরোয়ার হোসেন)
পরিচালক (এফইপিডি)
ফোন : ৯৫৩০১২৩